

নম্বর ৩৭.০১.০০০০.০৭৫.৪৩.০০১.২১.১৯০

তারিখ: ৩ কার্তিক ১৪২৮


১৯ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: ইউজিসি স্বর্ণপদক ২০২০ এর জন্য দরখাস্ত আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত ইউজিসি স্বর্ণপদক ২০২০-এর জন্য নিম্নবর্ণিত শর্তে কমিশনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- ১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন;
- ২) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- ৩) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২০ সালে প্রকাশিত হতে হবে, কোনো পুনঃমুদ্রিত প্রবন্ধ/পুস্তক গ্রহণযোগ্য হবে না;
- ৪) বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং রিভিউ আর্টিকেল এই স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;
- ৫) প্রবন্ধ যদি যৌথ প্রকাশনা হয় সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক বা সর্বশেষ লেখক অন্যান্য সহলেখকগণের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন;
- ৬) পুস্তকের ক্ষেত্রে একাধিক লেখক হলে যৌথভাবে আবেদন করতে হবে;
- ৭) বাংলা ও ইংরেজিতে অনধিক ২০০ শব্দের মধ্যে জীবনবৃত্তান্ত জমা দিতে হবে;
- ৮) প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি জমা দিতে হবে;
- ৯) বাংলা ও ইংরেজিতে অনধিক ২০০ শব্দের মধ্যে Abstract (সারাংশ) জমা দিতে হবে;
- ১০) প্রবন্ধের Soft কপি director_reseach@ugc.gov.bd ঠিকানায় অবশ্যই জমা দিতে হবে;
- ১১) সকল আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৫ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে;
- ১২) নীতিমালা, সম্মতিপত্রের নমুনা ও আবেদনপত্রের ছক বন্ধনীতে উদ্ধৃত (www.ugc.gov.bd) ইউজিসির ওয়েব সাইটে সম্মাননা সেবাবেক্সে 'ইউজিসি স্বর্ণপদক'-এ দেয়া আছে।



১৯-১০-২০২১

মো. কামাল হোসেন

পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস
বিভাগ)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)

৩) পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (নির্বাচিত পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)

৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন